# পিপল পার আওয়ারে কাজ করবেন যেভাবে ২য় পর্ব

নাজমূল হক

পিপল পার আওয়ারে কাজ করতে হলে প্রথমেই আপনাকে একটি অ্যাকাউন্ট খুলে নিতে হবে। এ লেখায় দেখানো হয়েছে কীভাবে পিপিএইচে অ্যাকাউন্ট তৈরি করা ও আওয়ারলি পোস্ট করা যায়।

## পিপিএইচে অ্যাকাউন্ট তৈরি

ফ্রিল্যান্সার হিসেবে সার্ভিস সেল করতে হলে প্রথমে একটি অ্যাকাউন্ট খুলতে হবে। এ ক্ষেত্রে পিপিএইচের হোমপেজে কোনো সাইন-আপ অপশন না থাকায় আপনাকে মেনুবারের যেকোনো একটিতে ক্লিক করতে হবে। ফলে সাইন-আপ বাটনসহ নতুন আরেকটি মেনুবার আসবে।



চিত্র-০১

এই সাইন-আপ বাটনে ক্লিক করলে নতুন ইউজারদের জন্য একটি সাইন-আপ পেজ আসবে, যেখানে মৌলিক কিছু তথ্য দিয়ে অ্যাকাউন্ট ওপেন করতে পারেন। এ ক্ষেত্রে নিচের তিনটি পদ্ধতির যেকোনো একটি ব্যবহার করতে পারেন :


চিত্র-০২

**ক. ফেসবুক প্রোফাইল দিয়ে সাইন-আপ :** যাদের ফেসবুক অ্যাকাউন্ট আছে, তারা তাদের প্রোফাইলে দেয়া তথ্য ব্যবহার করে পিপিএইচে অ্যাকাউন্ট খুলতে পারেন।

**খ. লিংকড-ইন প্রোফাইল দিয়ে সাইন-আপ :** সারাবিশ্বের বিভিন্ন ইন্ডাস্ট্রির প্রফেশনালেরা তাদের ওয়েব অ্যাপিয়ারেন্সের জন্য লিংকড-ইন ব্যবহার করেন, যা তাদের পছন্দের জব, ক্লায়েন্ট, কোম্পানি ইত্যাদি খুঁজে পেতে সাহায্য করে। লিংকড-ইন প্রোফাইলধারীরা তাদের অ্যাকাউন্টের তথ্য ব্যবহার করে পিপিএইচে সাইন-আপ করতে পারেন।

**গ. ই-মেইল ব্যবহার করে সাইন-আপ :** আপনার ই-মেইল আইডি ব্যবহার করে অ্যাকাউন্ট তৈরি করতে নিচের তথ্যগুলো দিতে হবে :

**০১. নাম :** এ ক্ষেত্রে আপনার নামের আদ্যাংশ First Name ফিল্ডে এবং শেষাংশ Last Name ফিল্ডে ইনপুট করুন। নামটি অবশ্যই জাতীয় পরিচয়পত্রের সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত; অন্যথায় অর্থ লেনদেন ও উত্তোলনে কনফ্লিক্ট তৈরি করবে।

**০২. ই-মেইল অ্যাড্রেস :** সাইন-আপ ফরমের এই ফিল্ডে আপনার ব্যবহৃত একটি বৈধ ই-মেইল অ্যাড্রেস ইনপুট করতে হবে, যা পরে পিপিএইচে লগ-ইন করতে ব্যবহার করবেন।

**০৩. পাসওয়ার্ড :** এই ফিল্ডে পিপিএইচে লগ-ইন করতে ব্যবহার করবেন এমন একটি পাসওয়ার্ড ইনপুট করুন।

**০৪. লোকেশন :** এই ফিল্ডে আপনার অবস্থান/কর্মস্থল উল্লেখ করুন। লোকেশন ইনপুট করার সিনটেক্সটি হলো Ciy, Country। যেমন– Dhaka, BD/Sylhet, BD ইত্যাদি।

**০৫. অ্যাকাউন্ট টাইপ :** সবশেষে আপনার অ্যাকাউন্টের ধরন সিলেক্ট করতে হবে। পিপিএইচে তিন ধরনের অ্যাকাউন্ট টাইপ আছে :

বায়ার– যারা পিপিএইচ থেকে সার্ভিস কিনতে চান, তারা এই অ্যাকাউন্ট টাইপ নির্বাচন করবেন।

সেলার– পিপিএইচে যারা সার্ভিস সেল করতে চান অর্থাৎ ফ্রিল্যান্সারেরা এই অ্যাকাউন্ট টাইপ নির্বাচন করবেন।

বোথ– পিপিএইচে সার্ভিস কেনা ও বেচা দুটোতেই আগ্রহী এমন ইউজারেরা এই অ্যাকাউন্ট টাইপ নির্বাচন করতে পারেন।

বি. দ্র. পরবর্তী সময়ে সার্ভিস কেনার প্রয়োজন হতে পারে– এমন ফ্রিল্যান্সারেরা অ্যাকাউন্ট টাইপ-বোথ সিলেক্ট করতে পারেন। যদিও পিপিএইচে যেকোনো সময় আপনার বর্তমান অ্যাকাউন্ট টাইপ থেকে অন্য অ্যাকাউন্ট টাইপে সুইচ করতে পারবেন।

সবশেষে সাইন-আপ বাটনে ক্লিক করুন। এরপর লোড হওয়া পেজে ই-মেইল অ্যাড্রেসটি ভেরিফাই করতে বলবে। সেজন্য পিপিএইচ সাইন-আপে ব্যবহার হওয়া ই-মেইলে লগ-ইন করে ভেরিফিকেশন লিঙ্কটি ক্লিক করলে আপনার অ্যাকাউন্টটি ভেরিফাই হবে।

## পিপিএইচে প্রোফাইল সাজানো



চিত্র-০৩

পিপল পার আওয়ারে প্রোফাইল সাজানো একটি ধারাবাহিক প্রক্রিয়া। এ পর্বে পিপিএইচ সেলার প্রোফাইলের গুরুত্বপূর্ণ কিছু দিক নিয়ে আলোচনা করা হয়েছে।

পিপিএইচে লগ-ইন করার পর ইউজার আইডির ওপর ক্লিক করলে যে ড্রপডাউন মেনু আসে, তাতে PROFILE–EDIT অপশন থাকে, যার EDIT-এ ক্লিক করলে প্রোফাইল কাস্টোমাইজেশনের জন্য একটি এডিটেবল পেজ আসবে। সেখানে পিপিএইচ সেলার হিসেবে আপনার নিম্নোক্ত প্রয়োজনীয় তথ্যগুলো সংরক্ষণ করতে পারবেন।

০১. ক. সাইন-আপের সময় যে নাম ব্যবহার করেছিলেন তা এখান থেকে এডিট করতে পারবেন।

খ. কী পেশায় আপনি পিপিএইচে কাজ করবেন তা এখানে ডিফাইন করবেন। আপনার জব টাইটেল হতে পারে সফটওয়্যার ডেভেলপার, ওয়েব ডিজাইনার, ওয়েব ডেভেলপার, কপিরাইটার, গ্রাফিক্স ডিজাইনার ইত্যাদি।



চিত্র-০৪

০২. ক. আপনার পেশা সংশ্লিষ্ট কোনো COVER IMAGE যুক্ত করার জন্য সেটি ড্র্যাগ করে এই ফিল্ডে রাখলে তা স্বয়ংক্রিয়ভাবে আপলোড হতে থাকবে। অথবা Browse-এ ক্লিক করে ম্যানুয়ালি আপলোড করতে পারবেন।

খ. PROFILE PICTURE যুক্ত করার জন্যও একই পদ্ধতি অবলম্বন করুন। তবে আপনার প্রোফাইল পিকচারটি অবশ্যই জেনুইন হতে হবে।



চিত্র-০৫


০৩. ক. ঘণ্টায় কত ডলারে আপনি পিপিএইচে কাজ করতে আগ্রহী, তা এখানে ডিফাইন করুন। ডলার সাইন ($)-এর ডান পাশের ডাউন অ্যারো ক্লিক করে অন্য কারেন্সিতেও আওয়ারলি রেট সেট করতে পারেন।

খ. PHONE ফিল্ডটিতে আপনার ব্যবহার হওয়া একটি নাম্বার যুক্ত করুন। নাম্বারটি সাধারণত আপনার বায়ার বা অন্যান্য ইউজারের সাথে শেয়ারড থাকবে না; তবে ইমার্জেন্সিতে পিপিএইচ আপনার সাথে যোগাযোগের জন্য ব্যবহার করবে।




চিত্র-০৬

০৪. একজন ফ্রিল্যান্সার প্রফেশনাল হিসেবে ক্লায়েন্টের কাছে নিজেকে আকর্ষণীয়ভাবে উপস্থাপনের জন্য ABOUT YOU ফিল্ডটিতে নিজের এক্সপারটাইজ ও অভিজ্ঞতার কথা লিখুন। ▸



চিত্র-০৭

০৫. YOUR PROFILE SKILLS ফিল্ডে পেশাগত দক্ষতার বিভিন্ন দিক ট্যাগ আকারে যুক্ত করুন। এ ক্ষেত্রে স্কিলসেট টাইপের সময় পিপিএইচের সাজেশন নিন।



চিত্র-০৮

০৬. বায়ারদের কাছে নিজের বিশেষত্ব তুলে ধরতে দুই মিনিটের একটি ভিডিও তৈরি করে আপলোড করে রাখা যায়।



চিত্র-০৯

ভিডিওতে নিচের চারটি প্রশ্নের সুনির্দিষ্ট উত্তর দিতে হবে :

* Why the Buyer should trust you will deliver quality work?

* What have you done in the past that proves your expertise?

* What are your key strengths that make you stand out above other Sellers?

* Why have you chosen People Per Hour as the platform to work on?


যদিও প্রোফাইলের এই সেকশনটি অপশনাল, তবে এটি বায়ারদের দৃষ্টি আকর্ষণ করতে খুবই কার্যকর। আপাতত এটি স্কিপ করুন এবং পরে ভিডিওটি তৈরি করে আপলোড করুন।

০৭. ক. এ পর্যন্ত করা আপনার উল্লেখযোগ্য কাজগুলো PORTFOLIO আকারে সাজিয়ে রাখার জন্য সেগুলো এখানে ড্রপ করুন। অথবা Browse করে ম্যানুয়ালি আপলোড করুন।

খ. কাজগুলো যদি অন্য কোনো সাইটে উঠানো থাকে, তবে সেগুলো এখান থেকে এমবেড করে দিতে পারেন। সেজন্য Embed from other sites ক্লিক করলে যে পপ-আপ বক্স আসবে, তাতে ওই সাইটে রাখা আপনার কাজের লিঙ্ক পেস্ট করুন।



চিত্র-১০

০৮. সাইন-আপের সময় আপনার যে লোকেশন উল্লেখ করেছিলেন, তা চাইলে এখান থেকে পরিবর্তন করতে পারেন।



চিত্র-১১

০৯. ফ্রিল্যান্সারেরা যেহেতু ঘরে বসে অর্থাৎ নিজস্ব ওয়ার্কপ্লেস থেকে কাজ করেন, তাই তারা NOTIFY ME ABOUT সেকশনে REMOTE WORK ONLY রেডিও বাটন সিলেক্ট করবেন। ফলে পিপিএইচ আপনার পেশার ধরন এবং স্কিল অনুযায়ী বিভিন্ন কাজ সম্পর্কে অবহিত করবে এবং তাতে আবেদন করার জন্য রিকমেন্ড করবে।



চিত্র-১২

১০. সবশেষে ইনপুট করা তথ্যগুলো ডাবল চেক দিয়ে DONE বাটনে ক্লিক করুন।




চিত্র-১৩

## পিপিএইচ-আওয়ারলি তৈরি

আওয়ারলি কী এবং তা ফ্রিল্যান্সারদের জন্য কতটুকু ইফেক্টিভ সে সম্পর্কে আগের পর্বে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এই পর্বে আমরা দেখব কীভাবে একটি আওয়ারলি পোস্ট করতে হয়।

পিপিএইচের মেনুবারের Post Hourly মেনুতে ক্লিক করলে একটি ফরম আসবে, যাতে নিম্নোক্ত ফিল্ডগুলো ফিল-আপ করে আপনি আওয়ারলি পোস্ট করতে পারবেন।

০১. আপনি কোন নির্দিষ্ট কাজটি কত ডলারে করবেন, তা এই ফিল্ডে উল্লেখ করবেন। এর জন্য I can-এর পর ওই নির্দিষ্ট কাজটি এবং ডলার সাইনের পর ওই কাজের বিনিময়ে বায়ার আপনাকে কত ডলার পে করবে তার পরিমাণ উল্লেখ করবেন। যেমন– আপনি যদি একজন ওয়েব ডিজাইনার হন, তবে আপনার একটি বিডিং হতে পারে নিম্নরূপ।



চিত্র-১৪

০২. এই ফিল্ডে কত দিনে কাজটি ডেলিভারি দিতে পারবেন তা সিলেক্ট করে দেবেন। সাধারণত আওয়ারলি কাজগুলো এক থেকে পাঁচ দিনের মধ্যে ডেলিভারি দিতে হয়। পাঁচ দিনের বেশি সময়ে ডেলিভারিযোগ্য কাজগুলো আওয়ারলি বলে বিবেচিত হবে না।



চিত্র-১৫

০৩. আপনার কাজটি কোন ক্যাটাগরির মধ্যে পড়ে, তা এই জব ক্যাটাগরি ফিল্ডে নির্বাচন করে দেবেন। এখানে সাধারণত পিপিএইচে আপনার জব টাইটেলের সাথে সামঞ্জস্যপূর্ণ অথবা ক্ষেত্রবিশেষে ভিন্ন কোনো ক্যাটাগরি সিলেক্ট করা যেতে পারে।



চিত্র-১৬

০৪. আওয়ারলি পোস্টিংয়ের এই ফিল্ডটি খুবই গুরুত্বপূর্ণ। কোন কোন কিওয়ার্ড দিয়ে সার্চ করলে ক্লায়েন্ট আপনার পোস্টটি পেতে পারেন, এখানে সেগুলো ট্যাগ আকারে (কমা দিয়ে পৃথক করা) রাখতে হয়। ট্যাগগুলো টাইপ করার সময় পিপিএইচ যেগুলো সাজেস্ট করে, সেগুলো বেশ কার্যকর। যেমন– আমাদের নমুনা আওয়ারলির জন্য নিম্নরূপ ট্যাগক্লাউড সন্নিবেশ করা যেতে পারে।



চিত্র-১৭

০৫. এই ফিল্ডে আপনার এই আওয়ারলি কাজের সাথে প্রাসঙ্গিক কোনো ইমেজ, ভিডিও ইত্যাদি আপলোড করতে পারেন অথবা আপনার পোর্টফোলিও সাইট (যদি থাকে) থেকে এমবেড করে দিতে পারেন।

০৬. পোস্টিংয়ের এই ফিল্ডটিতে আওয়ারলি সম্পর্কে আরেকটু ডিটেইল্ড বর্ণনা দিতে পারেন। এখানে যাই লিখুন, তা হতে হবে আপনার আওয়ারলির সাথে প্রাসঙ্গিক; পাশাপাশি বায়ারের জন্য আকর্ষণীয়।

০৭. আওয়ারলি পোস্টিংয়ের এই ফিল্ডটিও খুবই ইফেক্টিভ, যেখানে বায়ারকে কী কী এডিশনাল সার্ভিস দিতে পারবেন (যার মাধ্যমে আপনি এক্সট্রা আর্ন করতে পারবেন) তা যোগ করা যায়। এভাবে একাধিক এড-অনস তৈরি করতে পারেন। নতুন ইউজারেরা আপাতত এই সেকশনটি স্কিপ করতে পারেন।

০৮. আপনার আওয়ারলিটি সম্পন্ন করতে ক্লায়েন্টের কাছ থেকে রিকোয়ারমেন্টগুলো এই ফিল্ডে উল্লেখ করতে পারেন। আমাদের নমুনা আওয়ারলির ক্ষেত্রে স্যাম্পল ওয়েবপেজসহ অন্যান্য প্রাসঙ্গিক উপাত্ত রিকোয়েস্ট করা যেতে পারে।

০৯. এই ফিল্ডে আপনার আওয়ারলির জন্য ডিসকাউন্ট অফার (২৪ ঘণ্টার মধ্যে অর্ডারের ক্ষেত্রে প্রযোজ্য) করতে পারেন।

১০. পরে দৃশ্যমান দুটি রেডিও বাটনের একটি সিলেক্ট করতে হবে। ফ্রিল্যান্সারেরা সাধারণত তাদের পার্সোনাল ওয়ার্কপ্লেস থেকে কাজ করেন বলে রিমোটলি সিলেক্ট করবেন। আর যাদের ক্লায়েন্টের ওয়ার্কপ্লেসে কাজ করার সম্ভাবনা আছে, তারা সাইটটি সিলেক্ট করবেন।

১১. সবশেষে চেকবক্সটি সিলেক্ট করে (আপনি পিপিএইচ মার্কেটপ্লেস টার্মস অ্যান্ড কন্ডিশনস মেনে পোস্ট করতে নিশ্চিত) Post Hourly বাটনে ক্লিক করেন ∎

*ফিডব্যাক : mentorsystms@gmail.com*